আলমডাঙ্গা জামায়াতে ইসলামী ডাউকি শাখার নির্বাচনী সভা

আলমডাঙ্গা জামায়াতে ইসলামী ডাউকি ইউনিয়ন শাখার উদ্যোগে নির্বাচনী সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। ছত্রপাড়া গ্রামের পশ্চিম পাড়ায় মাগরিবের নামাজের পর সাধারণ মানুষের সুখে দুঃখে তাদের পাশে থাকার জন্য প্রতিশ্রুতির কথা ব্যক্ত করেন।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারী সেক্রেটারি ও চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী জননেতা এ্যাডঃ মাসুদ পারভেজ রাসেল। তিনি বলেন, স্বাধীনতার ৫৩ বছর পেরুলেও এদেশে সাধারণ মানুষের ভাগ্যে কোন পরিবর্তন ঘটেনি। তাই আগামী সংসদ নির্বাচনে দাড়িপাল্লা মার্কায় ভোট দিয়ে কোরআনের আইন বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের পাশে থাকতে চাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা শাখার আইন আদালত বিষয় সম্পাদক দারুসসালাম, আলমডাঙ্গা উপজেলা শাখার সহকারী সেক্রেটারি তরিকুল ইসলাম, উপজেলা মসজিদ মিশনের সভাপতি আব্দুল মান্নান, ডাউকি ইউনিয়ন শাখার আমির সজিবুর রহমান, সেক্রেটারী ডাঃ আব্দুস সালাম সহকারী সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম ও আলাউদ্দিন যুব বিভাগের সেক্রেটারি নওশাদ আলী, মুন্সি আব্দুস সালাম, শিলু আবুছদ্দিন,এনামুল,আলম, কলমসহ আরও অনেকে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ৭নং ওয়ার্ড সভাপতি সাইদুর রহমান এবং সঞ্চালন করেন, ওয়ার্ড সেক্রেটারি মেহেদী হাসান সলোক।

কার্পাসডাঙ্গায় হাজী আলী আজগর

টগরের নির্বাচনী সভা

আজ বুধবার বিকাল ৩ টার সময় কার্পাসডাঙ্গা হাইস্কুল ফুটবল মাঠে কার্পাসডাঙ্গা একতা হেয়ার প্রসেসিং এর উদ্যোগে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়।

হাসিবুজ্জামান শহিদ বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের নৌকার প্রার্থী হাজী আলী আজগর টগর ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা বিশ্বাসের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, মদনা পারকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টো,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি শহিদুল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাফিকুর রহমান মাষ্টার, সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ন সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস,সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, সাংগঠনিক সম্পাদক মোখলেসুর রহমান রিপন, দপ্তর সম্পাদক আহমেদ আলী মাস্টার, আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ ও হেয়ার প্রসেসিং এর ব্যবসায়ী বৃন্দ।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ২০২৪ সালের ৭ জানুয়ারির নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে দেশ ও জাতীর খেদমত সুযোগ দিন।সেই সাথে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করুন। আরো চুয়াডাঙ্গা ০২ আসনের মসজিদ মাদ্রাসা রাস্তা ঘাট স্কুল কলেজের ব্যাপক উন্নয়ন হয়েছে এই সরকারের আমলে।